

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (১৩) দ্বিতীয় ও চতুর্থ রাক আতের জন্য উঠার সময় সিজদা থেকে উঠে না বসে সরাসরি উঠে যাওয়া
- (১৩) দ্বিতীয় ও চতুর্থ রাক'আতের জন্য উঠার সময় সিজদা থেকে উঠে না বসে সরাসরি উঠে যাওয়া :
 সিজদা থেকে উঠে প্রশান্তির সাথে বসে তারপর দুই হাত মাটির উপর রেখে ভর করে দ্বিতীয় ও চতুর্থ
 রাক'আতের জন্য দাঁড়াতে হবে। কিন্তু সিজদা থেকে সরাসরি উঠে যাওয়ার যে প্রথা চালু আছে, তার হাদীছ জাল
 বা মিথ্যা।
 - (أ) عَنْ مُعَاذِ بْنِ جَبَلِ ... ثُمَّ يَقُوْمُ كَأَنَّهُ السَّهْمُ لا يَعْتَمِدُ عَلَى يَدَيْهِ.
- (ক) মু'আয বিন জাবাল (রাঃ) হতে বর্ণিত, তিনি তীরের মত দাঁড়িয়ে যেতেন, দুই হাতের উপর ভর দিতেন না।[1]

তাহকীক : এর সনদে খাছীব বিন জাহদার নামে মিথ্যুক রাবী আছে।[2] তাছাড়াও ছহীহ হাদীছের বিরোধী। কারণ রাসূল (ছাঃ) ধীরস্থিরভাবে বসতেন এবং হাত দিয়ে মাটির উপর ভর করে দাঁড়াতেন।[3]

(ب) عَنْ عَلِيٍّ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ مِنَ السُّنَّةِ أَنْ لَّاتَعْتَمِدَ عَلَى يَدَيْكَ حِيْنَ تُرِيْدُ أَنْ تَقُوْمَ بَعْدَ الْقُعُوْدِ فِي الرَّكْعَتَيْنِ.

(খ) আলী (রাঃ) বলেন, সুন্নাত হল দুই রাক'আতের বসার পর যখন তুমি দাঁড়াবে, তখন তুমি দুই হাতের উপর ভর দিয়ে উঠবে না।[4]

তাহক্লীক : নিতান্তই যঈফ।[5]

(ج) عَنْ إِبْنِ عُمَرَ قَالَ نَهَى رَسُوْلُ اللهِ أَنْ يَّعَتَمِدَ الرَّجُلُ عَلَى يَدَيْهِ إِذَا نَهَضَ فِي الصَّلَاةِ.

(গ) ইবনু ওমর (রাঃ) বলেন, ছালাতে কোন ব্যক্তি যখন বসা থেকে দাঁড়াবে তখন হাতের উপর ভর দিয়ে উঠতে রাসূল (ছাঃ) নিষেধ করেছেন।[6]

তাহকীক: হাদীছটি মুনকার বা ছহীহ হাদীছের বিরোধী। এর সনদে মুহাম্মাদ বিন আব্দুল মালেক আল-গাযযাল নামে যঈফ রাবী আছে। উক্ত হাদীছের দুইটি অংশ। প্রথম অংশ ছহীহ।[7]

- (د) عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ كَانَ النَّبِيُّ يَنْهَضُ فِي الصَّلَاةِ عَلَى صَدُّوْرِ قَدَمَيْهِ.
- (ঘ) আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) ছালাতের মধ্যে দুই পায়ের অগ্রভাগের উপর ভর করে দাঁড়াতেন।[8] তাহকীক : যঈফ। এর সনদে খালেদ ইবনু ইলিয়াস নামে দুর্বল রাবী আছে। ইমাম তিরমিয়ী উক্ত হাদীছ উল্লেখ করে বলেন, মুহাদ্দিছগণের নিকটে সে দুর্বল।[9]

ফুটনোট



- [1]. ত্বাবারাণী কাবীর হা/১৬৫৬৩; সিলসিলা যঈফাহ হা/৫৬২।
- [2]. সিলসিলা যঈফাহ হা/৫৬২।
- [3]. বুখারী হা/৮২৩, ১/১১৩ পৃঃ, (ইফাবা হা/৭৮৫ ও ৭৮৬, ২/১৪১ পৃঃ); মিশকাত হা/৭৯৬; বঙ্গানুবাদ মিশকাত হা/৭৪০, ২/২৫৪ পৃঃ; বুখারী হা/৮২৪, ১/১১৪ পৃঃ; ছহীহ ইবনে খুযায়মাহ হা/৬৮৭; বায়হাকী, সুনানুল কুবরা হা/২৯১৯।
- [4]. ইবনু আবী শায়বাহ ১/৩৯৫; বায়হাকী ২/১৩৬; ইবনু আদী ৪/৩০৫।
- [5]. তানকীহ, পৃঃ ৩১০।
- [6]. আবুদাউদ হা/৯৯২, ১/১৪২ পৃঃ; বায়হাকী ২/১৩৫।
- [7]. যঈফ আবুদাঊদ হা/৯৯২, ১/১৪২ পৃঃ; তানকীহ, পৃঃ ৩১১।
- [8]. তিরমিযী হা/২৮৮, ১/৬৪ পৃঃ।
- [9]. তিরমিষী হা/২৮৮, ১/৬৫ প্ঃ- غِنْدَ أَهْلِ الْحَدِيثَ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ عَالِدُ بْنُ إِلْيَاسَ هُوَ ضَعِيفٌ عِنْدَ أَهْلِ الْحَدِيث

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1926

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন